

## স্কুল বিতর্ক প্রতিযোগিতা সবার সেরা কলকাকলি স্কুল

ক্যাম্পাস প্রতিবেদক

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক দৃষ্টি ২৩তম আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা 'রোড টু চিটাগাং'-এর প্রথম শিরোপা অর্জন করেছে চট্টগ্রামের কলকাকলি স্কুল। 'এ সংসদ মনে করে চট্টগ্রামকে অচিরেই বাণিজ্যিক রাজধানী করা সম্ভব' এই বিষয়ে চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রামের সিলভার বেলস গালস স্কুলকে পরাজিত করে শিরোপা অর্জন করে। শ্রেষ্ঠ বক্তা কলকাকলি স্কুলের সাকিব আহমেদ জিদান।



বিতর্কের উদ্দান পাৰ্বত্য শহর রাসামাটি ও পৰ্বটন শহর কক্সবাজারে এবং একই সাথে চট্টগ্রামেও ছড়িয়ে দিতে দৃষ্টি চট্টগ্রাম ১৫ দিনব্যাপী এই বিতর্ক প্রতিযোগিতার চট্টগ্রাম মহানগর, চট্টগ্রাম উত্তর ও দক্ষিণ, রাসামাটি ও কক্সবাজার ৫টি অঞ্চলের ৭২টি স্কুল অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় তৃতীয় স্থান অর্জন করে রাসামাটির লেকার্স পাবলিক স্কুল এন্ড কলেজ এবং চতুর্থ স্থানে কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। প্রধান অতিথি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন পুরস্কার বিতরণ করেন। দৃষ্টি চট্টগ্রামের

সভাপতি মাসুদ বকুলের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনি, শিক্ষাবিদ সাফিয়া গাজী রহমান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সদস্য ইউনুস গনি চৌধুরী, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের গ্রুপ চিফ কমিউনিকেশন অফিসার সামী আল হাফিজ, দৃষ্টি চট্টগ্রামের সাধারণ সম্পাদক বনকুসুম বড়ুয়া, যুগ্ম সম্পাদক শহিদুল ইসলাম, সাবের শাহ, সাংগঠনিক সম্পাদক সাইফুদ্দিন মুন্না, অর্থ সম্পাদক মুজিবুর রহমান মনি ও প্রতিযোগিতা সমন্বয়কারী কাজী আরাফাত।